

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd
(পাসপোর্ট শাখা)

স্মারক নং-৫৮.০১.০০০০.২০২.১৮.০০৩.২০২১/৩১৩৬

তারিখ: ০৭ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, দেশে ও দেশের বাহিরে সমর্পণকৃত পাসপোর্ট **Physically Punch** এবং **canceled/Revoked** সিল না দিয়ে তার বিপরীতে ইস্যুকৃত পাসপোর্ট বিতরণ করা হচ্ছে। এর ফলে পুরাতন পাসপোর্টটি ব্যবহার করে আন্তর্জাতিক ইমিগ্রেশন অতিক্রম করার সুযোগ রয়েছে এবং একই সাথে এক ব্যক্তির দুইটি পাসপোর্ট ব্যবহার এর সম্ভাবনাও রয়েছে। এতে করে ভবিষ্যতে বাংলাদেশি পাসপোর্টের সুনাম ক্ষুণ্ণ হওয়ার আশংকা থেকে যাচ্ছে। এ ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। যে সব পূর্ববর্তী পাসপোর্টে কোন বৈধ ভিসা সংযুক্ত নেই সে সব পাসপোর্ট দিয়ে রি-ইস্যু করে নতুন পাসপোর্ট বিতরণকালে **Physically Punch** করে বিতরণ নিশ্চিত করা।

২। যে সব পূর্ববর্তী পাসপোর্টে ভিসা সংযুক্ত রয়েছে, সে সব পাসপোর্ট রি-ইস্যু করে নতুন পাসপোর্ট বিতরণকালে পূর্বের পাসপোর্ট **Revoked** সিল দিয়ে বিতরণ নিশ্চিত করা।

নাদিরা আক্তার

(নাদিরা আক্তার)

২২-১২-২০২৫

পরিচালক (পাসপোর্ট ভিসা ও পরিদর্শন)

মহাপরিচালকের পক্ষে

dpassport@passport.gov.bd

বিতরণ (কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার/কনসাল জেনারেল, বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনসুলেট জেনারেল.....সকল।(দু. আ.-প্রথম সচিব/দ্বিতীয় সচিব, পাসপোর্ট ও ভিসা উইং)
- ০২। পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস.....(সকল)।
- ০৩। উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস.....(সকল)।

অনুলিপি(জ্ঞাতার্থে):

- ০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন/ মাসব্য ও অর্থ) প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd
(পাসপোর্ট শাখা)

স্মারক নং-৫৮.০১.০০০০.২০২.১৮.০০৩.২০২১/৩১৩৭

তারিখ: ০৮ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: নতুন পাসপোর্ট বিতরণকালে পূর্ববর্তী পাসপোর্ট Physically Punch/Revoked সিল ব্যবহার প্রসঙ্গে।

সূত্র: অফিস আদেশ স্মারক নং-৫৮.০১.০০০০.২০২.১৮.০০৩.২০২১/৩১৩৬; তারিখ: ২২/১২/২৫খ্রি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে জারীকৃত অফিস আদেশটি পরবর্তী কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। অফিস আদেশটি যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে মর্মে অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন প্রতি মাসে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

MHasan
23/12/25

মাহমুদুল হাসান
সহকারী পরিচালক (পাসপোর্ট)
মহাপরিচালকের পক্ষে
adpassport@passport.gov.bd

- ০১। পরিচালক/উপপরিচালক
বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস.....(সকল)।
- ০২। উপপরিচালক/সহকারী পরিচালক
আঞ্চলিক পাসপোর্ট অফিস.....(সকল)।

অনুলিপি:

- ০১। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।